

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ০৭ এপ্রিল, ২০১৯।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল নারী কর্মী

হতে : সহকারি পরিচালক-জেনার, ট্রেইনিং এন্ড কমিউনিটি রেডিও

বিষয়: সংস্থার নারীকর্মীদের পরিবহনের যাতায়াতের সময় পোষাক বিশেষ করে ওড়না, বোরকা ও শাড়ি গুছিয়ে রাখা
(আসন গ্রহণ) প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, গত ৩ এপ্রিল (বুধবার) আমাদের কমিউনিটি রেডিও রেডিও মেঘনার একজন ইন্টার্ন বাসা থেকে অফিস আসার পথে তার বোরকা রিস্কায় পাঁচিয়ে মারাত্মকভাবে আঘাতপ্রাণ হয় এবং জ্ঞান হারিয়ে ফেলে। তাকে দুত চরফ্যাসন স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। কিন্তু তার অবস্থা খারাপ দেখে তাকে দুত বরিশাল মেডিক্যাল কলেজের স্থানান্তরের পরামর্শ দেন ডাক্তার। এরইমধ্যে সে ৫/৬ বার বমি করে। বরিশালে তার চিকিৎসার পর বিকালের দিকে তার জ্ঞান ফিরে আসে। তারপর সেদিন রাত থেকে পরদিন দুপুর পর্যন্ত পর্যবেক্ষণের পর তাকে হাসপাতাল থেকে রিলিজ দেয়া হয়। সামান্য একটু অসাবধানতা করবড় বিপদ আনতে পারে এটা তার একটা ছোট নমুনামূর্তি। এই ঘটনার প্রেক্ষিতে সংস্থার সকল নারীকর্মীদের যাতায়াতের সময় নিম্নলিখিত সতর্কতা অবলম্বনের জন্য বিশেষভাবে জানানো হলো:

১. গণপরিবহন ভ্রমণ করার সময় বিশেষ করে রিস্কা, অটোরিস্কা, সিএনজি ইত্যাদিতে চড়ে প্রথমেই শাড়ি বা ওড়নার দুই মাথা গুছিয়ে কোলের ওপর রাখুন। বোরকা পরিহিত থাকলে তা গুছিয়ে নিয়ে বসবেন যাতে বোরকার কোন অংশ যেন বাইরে না ঝুলতে থাকে।
২. শাড়ি পরার সময় সুতির শাড়িকে প্রাধান্য দিন, কারণ সিনথেটিক শাড়ি বাতাসে বেশ উড়ে, গুছিয়ে নিয়ে সামলানো কঠিন হয়।
৩. ফিল্ডের বা অন্যান্য কাজে যখন গণপরিবহন, রিস্কা বা অটোরিস্কা ব্যবহার করতে হয় সেক্ষেত্রে শাড়ি না পরে সুতির সালোয়ার কামিজকে প্রাধান্য দিন।
৪. অতিরিক্ত বড় ওড়না/বোরকা পরা থেকে বিরত থাকুন যা আপনি সামলাতে হিমশিম খেয়ে যান। এমন সাইজের বোরকা বা ওড়না পড়ুন যা সামলানো সহজ হয়।
৫. কোন পরিবহনের উঠা বা নামার সময় সেটা পুরোপুরি থেমেছে কিনা নিশ্চিত হয়ে তারপর উঠানামা করুন।
৬. পরিহন্টি নিরাপদ কিনা বা যান্ত্রিককুটি মুক্ত কিনা তা নিশ্চিত হয়ে তাতে ভ্রমণ করুন।
৭. মনে রাখবেন, আমাদের প্রতিদিনের চরাফেরায় ছোট ছোট সতর্কতা অনেক সময় অনেক বড় দুর্ঘটনা থেকে বাঁচিয়ে দিতে পারে। সুতরাং, যাতায়াত নিরাপদ ও দুর্ঘটনামুক্ত রাখতে উপরোক্ত বিষয়গুলো মেনে চলুন।
৮. এই সার্কুলারটি আপনি আপনার এলাকায়, শাখায়, প্রকল্প অফিসে ও সেন্টারে আগামী দুটি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল নারীকর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে আগামী ২ মাস ঝুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



ফেরদৌস আরা রূমী

অনুলিপি

নির্বাহী পরিচালক

পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কর্প